

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১. ২৬০

তারিখ: ২২ মে ২০২৩

বিষয় : সতর্কীকরণ।

সূত্রঃ ইউআরডিও, মহেশপুর, ঝিনাইদহ এর স্মারক নং-৪৭.৬২.৪৪৭১.১০০.০২.০২০.২১.১৮৬ তারিখ: ০৯/০৩/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত মহেশপুর, ঝিনাইদহ এ মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি পাওয়ায় ব্যাখ্যা তলব করা হয়। ব্যাখ্যা তলবের জবাব ও সফটওয়্যার যাচাই করে দেখা যায় ব্যাখ্যা তলবকালীন সময়ের তুলনায় মেয়াদোত্তীর্ণ ঋণ হ্রাস পেয়েছে, তবে কিস্তি খেলাপী সন্তোষজনক নয়। তাই কিস্তি খেলাপী এবং মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক মাঠ পর্যায়ে তদারকি কার্যক্রম জোরদার করতে হবে। এছাড়া এককালীন ঋণ পরিশোধকারী সদস্যদের অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ না করার বিষয়টি জোরালোভাবে তদারকি করতে হবে। প্রয়োজনে নতুন সদস্য অন্তর্ভুক্তি/সমিতি গঠনের বিষয়ে গুরুত্ব আরোপ করে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল রাখতে হবে অর্থাৎ কোন অবস্থাতেই ঋণ তহবিল অলস অবস্থায় ব্যাংকে গচ্ছিত রাখা যাবে না। অন্যথায় আপনার বিরুদ্ধে পুনরায় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে কঠোরভাবে সতর্ক করে ব্যাখ্যা তলবের অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।


২২ মে ২০২৩

মো: ইসমাইল হোসেন
যুগ্ম সচিব
পরিচালক (সরেজমিন)
(অ.দা.)

ফোন : ০২৪১০১০৩২২

জনাব মো: বাহাউল ইসলাম
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, মহেশপুর, ঝিনাইদহ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. যুগ্ম পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
২. কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ঝিনাইদহ।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।